গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
কারা অধিদপ্তর
৩০/৩, উমেশ দত্ত রোড, বকশীবাজার, ঢাকা-১২১১ ।
www.prison.gov.bd

পত্র নং ৫৮.০৪.০০০০.০২১.০৩.০২০.২৪- ৯৮২ তারিখঃ ১০ ভাদ্র ১৪৩১ / ২৫ আগস্ট ২০২৪

**বিষয়ঃ কারাগারসমুহে অভ্যন্তরীন পদায়ন/ডিউটি বন্টনের ক্ষেত্রে বিশেষ নির্দেশনা।**

উপর্যুক্ত বিষয়ের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, সকল কারাগারের সেবা কার্যক্রম সুশৃঙ্খল ও সন্তোষজনকভাবে পরিচালনার জন্য নিম্নবর্ণিত কার্য/দায়িত্বসমূহে পদায়নের ক্ষেত্রে সুষম নিয়ম অনুসরণ করা প্রয়োজন বলে প্রতীয়মান হয়।

ক। ভিতর কারা ক্যান্টিন, বাহির কারা ক্যান্টিন ও স্টাফ ক্যান্টিন।
খ। ক্যান্টিনের বাজারের দায়িত্ব।
গ। বন্দিদের মোবাইল বুথ।
ঘ। ভিতর সাক্ষাত কক্ষ ও বাহির সাক্ষাত কক্ষ।
ঙ। বন্দিদের দেখাসাক্ষাতের স্লিপ লেখা।
চ। দর্শনার্থীদের মোবাইল ও ব্যাগ জমা রাখা।
ছ। ডিউটি বন্টনকারী (লাইস)।
জ। দিনে ও রাতে ডিউটি ডাকা (ডে ও নাইট কলার)।
ঝ। গোয়েন্দা ডিউটি (সি আই ডি)
ঞ। জেল সুপার, জেলার ও ডাক্তার এর অর্ডালি।
ট। প্রধান চৌকা, হাসপাতাল চৌকা, ডিভিশন চৌকা ও ক্যান্টিন চৌকা।
ঠ। নাপিত-চালি।
ড। কারা ক্যাফেটেরিয়া, গাড়ি পার্কিং ও যৌথবাহিনীর ডিউটি (ঢাকা কেন্দ্রীয় কারাগার কেরাণীগঞ্জের জন্য)

২। উপর্যুক্ত কার্যসমূহে পদায়নের ক্ষেত্রে নিম্নবর্ণিত নির্দেশনা প্রদান করা হলো।

ক। যেকোন পদে একজন ব্যাক্তির কার্যকাল হবে তিন মাস।

খ। তিন মাস দায়িত্ব পালনের পর সংশ্লিষ্ট ব্যক্তিকে আবশ্যিকভাবে ছয় মাস উপরোক্ত ক্ষেত্রসমূহ ব্যতীত সাধারণ ডিউটিতে নিয়োজিত থাকতে হবে।

গ। ছয় মাস সাধারণ ডিউটি সম্পন্ন হওয়ার পর তাকে পুনরায় উপরে বর্ণিত কার্যসমূহের মধ্য হতে পূর্ববর্তী সময়ে দায়িত্ব পালনের ক্ষেত্র ব্যাতীত অন্য যেকোনটিতে তিন মাসের জন্য পদায়ন করা যাবে।

৩। সুষ্ঠু কারা প্রশাসন ও গার্ডি স্টাফদের শৃঙ্খলা উন্নয়নে জারিকৃত এ নির্দেশনা সকলকে যথাযথভাবে প্রতিপালনের জন্য নির্দেশ প্রদান করা হলো। এক্ষেত্রে কোন ব্যত্যয় ঘটলে সংশ্লিষ্টদের বিরুদ্ধে কঠোর আইনানুগ ব্যবস্থা গ্রহণ করা হবে।

২৫/৮/২৪
শেখ সুজাউর রহমান
কর্নেল
অতিরিক্ত কারা মহাপরিদর্শক
পক্ষে-কারা মহাপরিদর্শক
addl.ig@prison.gov.bd

সিনিয়র জেল সুপার/জেল সুপার
সকল কেন্দ্রীয়/ জেলা কারাগার।

**অনুলিপি জ্ঞাতার্থেঃ**
কারা উপ মহাপরিদর্শক
সকল বিভাগ, সকল সদর দপ্তর।